

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়  
জন্ম ও মৃত্যু নিবন্ধন  
স্থানীয় সরকার বিভাগ  
www.orgbdr.gov.bd

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০১.১৮.০০১.২০২৩.৪১৫


তারিখ: ০৬ বৈশাখ ১৪৩৩  
১৯ এপ্রিল ২০২৬

**বিষয়: সরকারি/স্বায়ত্তশাসিত দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের সকাল ৯.০০ টায় নিজ অফিস কক্ষে আবশ্যিক অবস্থান।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ০২ মার্চ ২০২৬ তারিখের স্মারক নং ০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৬.৭০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ী সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত সময়ে নিজ দপ্তরে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা বাধ্যতামূলক। সুতরাং এ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রতিদিন সকাল ৯.০০ টায় আবশ্যিকভাবে নিজ নিজ কক্ষে উপস্থিতির জন্য নির্দেশ প্রদান করা হলো। এর ব্যত্যয় হলে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সকল কর্মকর্তা/কর্মচারী  
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়  
জন্ম ও মৃত্যু নিবন্ধন।

  
(ড. আবু নছর মোহাম্মদ আব্দুল্লাহ)  
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত দায়িত্ব)  
জন্ম ও মৃত্যু নিবন্ধন।  
ফোন: ০২২২৩৩৮৬৬০৬  
ইমেইল: rg@orgbdr.gov.bd

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পত্রটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। অফিস কপি।